

‘ইউনিভার্সিটি অব চানখারপুল’ কি বিশ্ববিদ্যালয়টিকে বিক্রপ করছে

বিনোদন ডেস্ক
প্রকাশিত: ০৭:৪০ পিএম, ১৩ জুন ২০২৬



স্টার সিনেপ্লেক্স এবং লায়ন সিনেমাস, দুটি হলে মুক্তি পেয়েছে ‘ইউনিভার্সিটি অব চানখারপুল’

ঢাকা বিশ্ববিদ্যালয়ের একজন শিক্ষার্থী বানিয়েছেন ‘ইউনিভার্সিটি অব চানখারপুল’। গতকাল (১২ জুন) শুক্রবার ছবিটি মুক্তি পেয়েছে দেশের প্রেক্ষাগৃহে। দেশের বিশ্ববিদ্যালয় জীবন, হলসংস্কৃতি, ছাত্ররাজনীতি এবং তরুণদের স্বপ্ন-সংগ্রামের বাস্তবতাকে কেন্দ্র করে নির্মিত ছবিটি এরই মধ্যে উৎসব থেকে জিতেছে পুরস্কারও। ছবিটি কি দেশের বিশ্ববিদ্যালয়কে বিক্রপ করছে?

রাজধানীর পান্থপথের স্টার সিনেপ্লেক্স এবং কেরানীগঞ্জের লায়ন সিনেমাস, মাত্র দুটি হলে জায়গা পেয়েছে ‘ইউনিভার্সিটি অব চানখারপুল’। তরুণ নির্মাতা আকাশ হক পরিচালিত এই সিনেমা ইতিমধ্যে সমালোচক ও দর্শকমহলে একটি ব্যতিক্রমধর্মী রাজনৈতিক স্যাটায়ার হিসেবে স্বীকৃতি পেয়েছে। বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের পরিচিত বাস্তবতা— হল কালচার, পোস্টরুম, ক্ষমতার রাজনীতি, ‘বড় ভাই’ সংস্কৃতি এবং তরুণদের হারিয়ে যাওয়া স্বপ্ন হাস্যরস, ব্যঙ্গ এবং গভীর মানবিক দৃষ্টিভঙ্গির মাধ্যমে ছবিটিতে তুলে ধরা হয়েছে।

আরও পড়ুন



‘অ্যানি’র ট্রেলারেই বাজিমাত, দর্শক বলছে, ‘এ যেন এক নতুন সাইমন’

কী বলছে দর্শকরা। মুক্তির পর গতকাল বেশকিছু দর্শক ছবিটি দেখে প্রতিক্রিয়া জানিয়েছে। কেউ কেউ এককথায় বলেছেন, ‘দারুণ’ বা ‘অসাধারণ’, আবার কেউ কেউ ব্যাখ্যা করেছেন কেন এই সিনেমা গুরুত্বপূর্ণ। ছবির নির্বাহী প্রযোজক হাফিজ উদ্দিন মুন্না বলেন, “এটা শুধু একটা সিনেমা নয়, এটা আমাদের সময়, আমাদের ক্যাম্পাস এবং আমাদের তরুণ প্রজন্মের অপ্রকাশিত বাস্তবতার গল্প। অনেকেই একে ‘সিলেবাসের বাইরের সিনেমা’ বলে অভিহিত করেছেন। কারণ এটি এমন কিছু প্রশ্ন এবং অভিজ্ঞতা সামনে নিয়ে আসে, যা পাঠ্যবইতে পাওয়া যায় না, কিন্তু আমাদের সমাজের বাস্তবতায় প্রতিনিয়ত বিদ্যমান। আমরা বিশ্বাস করি, এই চলচ্চিত্র দর্শকদের বিনোদনের পাশাপাশি ভাবনারও খোরাক জোগাবে।”

ছবিটি কি দেশের বিশ্ববিদ্যালয়কে বিক্রপ করছে? জানতে চাইলে পরিচালক আকাশ হক বলেন, ‘বিশ্ববিদ্যালয়ের এই জগৎ আমাদের সবার পরিচিত, কিন্তু খুব কম সময়ই তা সত্যতা এবং নির্ভীকতার সঙ্গে বড় পর্দায় উঠে এসেছে। আমি এমন একটি গল্প বলতে চেয়েছি, যা দর্শককে একদিকে হাসাবে, অন্যদিকে নিজের চারপাশের বাস্তবতা নিয়ে ভাবতে বাধ্য করবে। এই সিনেমা সেই চেষ্টার ফল। দর্শক হলে এসে ছবিটি দেখবেন এবং নিজেদের অভিজ্ঞতার সঙ্গে মিল খুঁজে পাবেন, এটাই আমাদের প্রাপ্তি।’

আরও পড়ুন



কামড়ে কান ছিঁড়ে ফেললো মাসুদ, ডিসেম্বরেই আসছে ‘সুডঙ্গ-২’

রনো আনোয়ারের ছোটগল্প ‘ঝরা পাতার দুঃখবিলাস’ থেকে অনুপ্রাণিত ‘ইউনিভার্সিটি অব চানখারপুল’ ইতিমধ্যে দেশের অন্যতম মর্যাদাপূর্ণ চলচ্চিত্র উৎসবগুলোতে প্রশংসিত হয়েছে। ঢাকা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবের বাংলাদেশ প্যানোরামা বিভাগে ফিগারেসি অ্যাওয়ার্ড, ‘আমার ভাষার চলচ্চিত্র উৎসবে’ হীরালাল সেন মেডেল এবং সেরা চিত্রনাট্য পুরস্কার লাভ করেছে ছবিটি।

জাগোনিউজের খবর পেতে ফলো করুন



‘ইউনিভার্সিটি অব চানখারপুল’ ছবিতে অভিনয় করেছেন দেবদ্যুতি আইচ, রকি খান, ববি বিশ্বাসসহ একঝাঁক নতুন ও সম্ভাবনাময় শিল্পী। চলচ্চিত্রের জনপ্রিয় দুটি গান ‘সহমত ভাই’ এবং ‘রাজনীতির ময়দান’ ইতিমধ্যে সামাজিক যোগাযোগমাধ্যমে ব্যাপক সাড়া ফেলেছে।

আরএমডি

বাংলা-মুক্তি সিনেমা এফটিসি

পাঠকপ্রিয় অনলাইন নিউজ পোর্টাল জাগোনিউজ২৪.কম লিখতে পারেন আপনিক। লেখার বিষয় ফিচার, ভ্রমণ, লাইফস্টাইল, ক্যারিয়ার, তথ্যপ্রযুক্তি, ধর্ম, কৃষি ও প্রকৃতি। আজই আপনার লেখাটি পাঠিয়ে দিন jagofeature@gmail.com ঠিকানায়।

জাগো নিউজে সর্বশেষ



ব্যবসাবান্ধব বাজেট বলছে চেম্বার, ঋণ-মুদ্রাস্ফীতি বাড়ার শঙ্কা নাগরিকদের



কনোলির ফিফটি, ৩ উইকেটে ১০০ পার অস্ট্রেলিয়ার



১৩৪০ কর্মী নিয়োগের বিজ্ঞপ্তি দিয়েছে রিসোর্স এন্টিগ্রেশন সেন্টার



শাধিপ্রবিত্তে টিচিং অ্যাসিস্ট্যান্ট দেওয়ার পরিকল্পনা উপাচার্যের